

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১০৭

আগরতলা, ১৩ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪ : ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় নির্বাচনী ক্ষেত্র

আদর্শ নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ দ্রুত নিষ্পত্তি

করার প্রক্রিয়া জারি রেখেছে প্রশাসন : রিটার্নিং অফিসার

১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্রে আদর্শ নির্বাচনী আচরণবিধি লঙ্ঘনের অভিযোগ দ্রুত নিষ্পত্তি করার প্রক্রিয়া জারি রেখেছে প্রশাসন। ১-ত্রিপুরা পশ্চিম সংসদীয় ক্ষেত্রের রিটার্নিং অফিসার ডা. বিশাল কুমার এক প্রেস নোটে এই সংবাদ জানিয়ে বলেন, আজ ২টি অভিযোগ জমা পড়েছে। তারমধ্যে একটির নিষ্পত্তি ইতিমধ্যেই করা হয়েছে এবং অন্য একটি অভিযোগের তদন্তের জন্য সংশ্লিষ্ট সহকারি রিটার্নিং অফিসারের কাছে পাঠানো হয়েছে। রাজনৈতিক দলের প্রচারে যোগ দিয়ে আদর্শ নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন করার অভিযোগে একজন সরকারি শিক্ষককে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে এবং আইজিএম হাসপাতালের এক ফার্মাসিস্টকে সাময়িক বরখাস্তের জন্য সংশ্লিষ্ট দপ্তরের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে।

প্রেস নোটে রিটার্নিং অফিসার ডা. বিশাল কুমার আরও জানান, ভারতীয় জনতা পার্টি থেকে প্রাপ্ত একজন নেতার ব্যক্তিগত জীবন সম্পর্কে মন্তব্যের অভিযোগের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট বক্তাকে সর্তক করা হয়েছে এবং ভবিষ্যতে আদর্শ নির্বাচনী আচরণবিধি লঙ্ঘন থেকে বিরত থাকতে বলা হয়েছে। পাশাপাশি রাজনৈতিক দলের কর্মসূচিতে বাধা দেওয়ার অভিযোগগুলিকে দ্রুত হস্তক্ষেপ করা হচ্ছে পুলিশের পক্ষ থেকে। সিপিআইএম দলের পক্ষ থেকে করা এক অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্টদের বিরুদ্ধে সিআরপিসি ও ত্রিপুরা পুলিশের সংশ্লিষ্ট ধারায় মামলা রঞ্জু করা হয়েছে।

প্রেস নোটে রিটার্নিং অফিসার আরও জানিয়েছেন, প্রশাসন শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে সমস্ত উদ্যোগ গ্রহণ করেছে। বিভিন্ন জায়গায় টহল, এরিয়া ডোমিনেশন, দিনরাত ২৪ ঘন্টা নাকা পয়েন্টে চেকিং, সীমান্ত এলাকায় তল্লাসীর মাধ্যমে জনগণের মধ্যে আত্মবিশ্বাস বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে। যে কোনও ধরনের শান্তিভঙ্গের চেষ্টাকে বানচাল করার জন্য পর্যাপ্ত ব্যবস্থা করা হয়েছে। শান্তিপূর্ণভাবে নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য প্রশাসন বদ্ধপরিকর।
